

# লাইভে আসবেন মেয়র আনিসুল হক

কালের কণ্ঠ অনলাইন ১৩ মে, ২০১৭ ১৮:১৯ | পড়া যাবে ২ মিনিটে

প্রিন্ট



২০১৫ সালের ৬ মে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র হিসেবে শপথ নেন আনিসুল হক। আর    আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার বুঝে নেন ১৪ মে। শুরু করেন নাগরিকদের জন্য সমাধান যাত্রা।

মেয়র হিসেবে দায়িত্ব পালনের দুই বছর পূর্তি উপলক্ষে, আগামীকাল ১৪ মে সন্ধ্যা সাড়ে ৭টায় ঢাকা উত্তর সিটি করপোরেশনের অফিসিয়ালফেসবুক পেইজে সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হবেন আনিসুল হক। নাগরিকদের প্ল্যাটফর্ম ‘আমরা ঢাকা’য় ও মেয়রের লাইভ ব্রডকাস্ট দেখা যাবে।

এর আগে দায়িত্ব পালনের এক বছর পূর্তি উপলক্ষে গত বছরের ১২ মে দেশে প্রথমবারের মত কোন জনপ্রতিনিধি হিসেবে জবাবদিহিমূলক ওয়েবকাস্টিং করেছিলেন মেয়র আনিসুল হক। তারই ধারাবাহিকতায় আরও বিশাল কলেবরে ও ভিন্ন মাত্রায় নাগরিকদের সামনে হাজির হবেন মেয়র। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের ইতিবাচক ও সফল প্রয়োগকে নগরবাসীর সামনে তুলে ধরতেই এই উদ্যোগ নিয়েছেন মেয়র আনিসুল হক।

আগামীকাল রবিবার সন্ধ্যা সাড়ে ৭টা থেকে রাত ৮টা পর্যন্ত তিনি লাইভে থেকে দায়িত্ব গ্রহণের দুই বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন নগরবাসীর সঙ্গে। পাশাপাশি নগর উন্নয়নে নাগরিকদের পরামর্শ, প্রত্যাশা, প্রশ্ন ও অভিযোগ শুনবেন ও জবাব দেবেন।

ঢাকা উত্তর সিটি করপোরেশনের ফেসবুক পেইজ <https://www.facebook.com/dncc.gov.bd/> আমরা ঢাকার ফেসবুক পেইজ <https://www.facebook.com/AmraDhaka/> লাইভ ওয়েবকাস্টিংয়ে ‘ঢাকা উত্তর সিটি করপোরেশনকে’কে পূর্ণ সহযোগিতা দেবে প্রচার অপেক্ষমাণ টেলিভিশন চ্যানেল ‘নাগরিক’।